



ENCEPHALITIS SOCIETY

স্বচ্ছাসেবীরা এনসেফেলাইটিস সোসাইটির জন্য অপরিহার্য এবং আজ আমরা যে পুরস্কার-বিজয়ী সংস্থায় উন্নীত হয়েছি, তাতে স্বচ্ছাসেবীরা প্রভূত সহায়তা প্রদান করেছেন।

বিভিন্ন উপায়ে আপনি টিম এনসেফেলাইটিসের একজন সদস্য হয়ে উঠতে পারেন - এবং নিজেকে নিয়োজিত করার জন্য আপনাকে আমাদের অফিসে বসে কাজ করতে হবে না। সাধারণত আমরা মাসে প্রায় 5 ঘন্টার জন্য স্বচ্ছাসেবীর জন্য অনুরোধ জানাই কিন্তু আমরা বাস্তবিকই নমনীয়, সুতরাং যদি আপনি মাসে 1 ঘন্টাও সময় ব্যয় করতে পারেন তবুও আমরা আপনার সহযোগিতা প্রত্যাশা করবো!

যে সকল মানুষের আমাদের সহায়তার প্রয়োজন, তাদের কাছে আমাদের বার্তা পৌঁছে দেওয়ার উপর আমাদের কাজ নির্ভর করে। যে সকল সম্প্রদায়ের মাতৃভাষা ইংরেজি নয়, তাদের কাছে আমরা আমাদের প্রচার প্রসারিত করতে চাই - আপনি কি সহায়তা করতে পারবেন?

আমাদের
আপনার
সহায়তা
প্রয়োজন!



যদি আপনি এনসেফেলাইটিস সোসাইটি -তে স্বচ্ছাসেবী হিসেবে ভূমিকা পালনের বিষয়ে আরো বিশদে জানতে আগ্রহী হন, তাহলে অনুগ্রহ করে আপনি লরা-কে একটি ইমেইল পাঠিয়ে তার সাথে যোগাযোগ রক্ষা করুন:

volunteer@encephalitis.info

অথবা কল করুন +44(0)1653 692583 নম্বরে

আমাদের কেন স্বচ্ছাসেবীর প্রয়োজন হয়?

- আমাদের তথ্য সংস্থানগুলিতে আমাদের সাহায্য করতে।
- এনসেফেলাইটিস আক্রান্ত অন্যান্যদের সাহায্য করতে।
- এনসেফেলাইটিস সম্বন্ধে সচেতনতা গড়ে তুলতে।

স্বচ্ছাসেবীর সুবিধাসমূহ

- ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করা।
- বন্ধুত্ব স্থাপন, জনগণের সঙ্গে পরিচয় এবং নিজের অভিজ্ঞতা অন্যান্যদের সাথে ভাগ করে নেওয়া।
- ব্যক্তিগত দক্ষতার বিকাশ।
- আপনার CV/রিজিউম(resume) আরো উন্নত করুন।
- উদ্দেশ্য এবং মূল্যবোধের অর্থ অনুভব করুন।
- নতুন দক্ষতার উন্মেষ ঘটান।
- লক্ষ্য পূরণ করুন।
- আপনার অর্জিত অভিজ্ঞতার মাধ্যমে অন্যান্যদের জীবনে একটি সম্ভাব্য পরিবর্তন আনতে সাহায্য করুন।
- সন্তুষ্টি, প্রসন্নতা এবং মজা।
- ক্ষমতায়ন এবং কিছু ফিরিয়ে দেওয়ার এক অনন্য অনুভূতি।

এটি কেবলমাত্র আপনাকে অন্যান্যদের সাথে সংযুক্তি করে না, এটি আপনার জীবনে আনন্দ এবং মনোযোগও নিয়ে আসতে পারে। কর্মক্ষেত্রে বা শিক্ষাক্ষেত্রে ফিরতে চাওয়া যেকোনো মানুষের ক্ষেত্রে, এটি আত্মবিশ্বাস পুনর্নির্মাণে এবং সম্ভাব্য নিয়োগকারীদের কাছে আকর্ষণীয় দেখাতে সহায়তা করে।

আপনি সচেতনতা গড়ে তুলতে, সহায়তা প্রদান করতে, অথবা এনসেফেলাইটিস সম্পর্কে তথ্যাবলী ভাগ করে নিতে আগ্রহী কিনা, সে বিষয়ে আমাদের কাছে বিভিন্ন প্রকার ভূমিকা আছে।